দর্শনায় চাঁদা না পেয়ে শ্রমিকদের পিটিয়েছে দূবৃত্তরা

দর্শনা পৌরসভা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের উন্নয়ন কাজে নিয়োজিত ড্রেন নির্মাণ শ্রমিকদের নিকট চাঁদা না পেয়ে পিটিয়ে রক্তাক্ত করেছে দূর্বৃত্তরা। এতে ১৫ জন শ্রমিক আহত হয়েছে।
গতকাল বুধবার দুপুর আড়াইটার দিকে এ ঘটনা ঘটে।

তারা হলেন, সুলতানপুর গ্রামের আজিজুল হকের ছেলে আজিবার রহমান (৪৫), মদনা গ্রামের আব্দুল করিমের ছেলে আকবার আলী (৬০), মদনা গ্রামের আলিহিমের ছেলে রেজাউল ইসলাম (২৬), পারকৃষ্ণপুর গ্রামের আকবার আলীর ছেলে ইসরাফিল হোসেন (৪২), রামনগর গ্রামের শ্রী চরণের ছেলে বিজয় (২২) সহ ১০ জন ।

আহত রাজমিস্ত্রী ইসরাফিল হোসেন জানান, ঘটনার সময় ঈশ্বরচন্দ্রপুর গোরস্থান পাড়ায় ড্রেন নির্মাণের কাজ করছিলাম । এসময় ঈশ্বরচন্দ্রপুর গ্রামের সাজ্জাদ হোসেনের ছেলে মিলন (২৫), মৃত ওভির ছেলে আরাফ (৪৫) ও মৃত আশকার আলীর ছেলে আবুল কাশেম (৪৮) সহ ১০/১২জন আমাদের লাঠি ও ইট দিয়ে পিটিয়ে জখম করে। কয়েকদিন যাবৎ তারা টাকা ও কাজের সময়সীমা জানতে চাই।

আমরা বলি- আমরা মিস্ত্রী, আমরা টাকা কোথায় পাবো? কাজের কনক্টাটর কাজের সময়সীমা জানে , আমরা এসব জানিনা। এরপর আমার কাছে ২ হাজার টাকা চাই এবং বলে লুঙ্গি খোল, খটে টাকা আছে। আমি লুঙ্গী খুলে ঝাড়া দিলে লেবারদের বেশ কিছু টাকা ছিল সেগুলো নিয়ে নেয়। এছাড়া লেবার সহকারী সরদার আহত আজিবার রহমান এর নিকট থাকা লেবারদের দুই দিনের ৬ হাজার টাকা ছিনিয়ে নেয় বলে জানান।

এদিকে ঈশ্বরচন্দ্রপুর গ্রামের নজরুল ইসলামের ছোট ছেলে জনি (২৩) গত কয়েকদিন আগে ডাক্তারের নিকট যাওয়ার সময় তার কাছে থাকা ৫৪০ টাকা ছিনিয়ে নিয়ে একই গ্রামের ওভির ছেলে আরাফাত মদ খায়। এ নিয়ে গ্রামে বেশ বাক-বিতন্ডা হয়। এ বিষয়ে হেড মিস্ত্রী ইসরাফিল হোসেনসহ ৫ জন বাদী হয়ে ৪ জনের বিরুদ্ধে গতকাল বিকালে দর্শনা থানায় একটি অভিযোগ করেছে।

এ ঘটনায় পুলিশ আবুল কাশেম নামের এক জন ব্যক্তিকে আটক করেছে।

মহানবী (সাঃ) এর ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ফ্রান্সে মহানবী হযরত মোহাম্মদ (সাঃ) এর ব্যঙ্গচিত্র প্রকাশের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বুধবার সকাল ৯টার দিকে দর্শনা থানা উলামা পরিষদ ও দর্শনা পৌর ইমাম সমিতির উদ্যোগে এই বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে সভাপতিত্ব করেন উলামা পরিষদের সভাপতি মুফতি মাওলানা গোলাম কিবরিয়া। সমাবেশে বক্তারা ফ্রান্সের সকল পণ্য বর্জন ও আমদানী বন্ধ রাখতে এবং সংসদে ব্লাশ ফেমী আইন পাশের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি আহ্বান জানান।

সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মাওঃ কাজী রফিক আহমেদ, মাওঃ আব্দুল মালেক, মাওঃ ওসমানগনি, মুফতি জুনায়েদ, মাওঃ আব্দুল খালেক, মুফতি আব্দুর রাজ্জাক, মাওঃ মইনুল ইসলাম, মুফতি আনোয়ার হোসেন, মাওঃ জাকির হোসেন, মাওঃ আলী আহমদ, মাওঃ ওয়াককাস, মুফতি আবুল বাশার, মুফতি হাবিবুর রহমান, মাওঃ মুস্তাফিজুর রহমান, মাওঃ আকরাম হোসেন, মাওঃ আব্দুর রাজ্জাক, মাওঃ রফিকুল ইসলাম, মাওঃ সিরাজুল ইসলাম, হাফেজ মানিক কারী কামরুজ্জামান, মুফতি হামিদুল ইসলাম প্রমুখ। সমাবেশটি পরিচালনা করেন দর্শনা পৌর ইমাম সমিতির সাধারণ সম্পাদক মনজুর আহমেদ।

দর্শনা কেন্দ্রীয় শহিদ মিনারে সমাবেশ শেষে এক বিক্ষোভ মিছিল নিয়ে দর্শনা শহরের প্রধান প্রধান সড়ক গুলো প্রদক্ষিণ করে দর্শনা বাসস্ট্যান্ডে এসে মিছিলটি শেষ হয়।

দর্শনায় ইসলামী ব্যাংকের উপ-শাখার উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় ইসলামী ব্যাংকের উপ-শাখার উদ্বোধন হয়েছে। গতকাল সকাল সাড়ে ১০টায় দর্শনা পুরাতন বাজার মোড়ে হাজী আব্দুর রহমানের বিল্ডিং এর দোতলায় ব্যাংকের উদ্বোধন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দর্শনা কেরু এ্যান্ড কোঃ এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবু সাঈদ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের সিনিয়র এক্সিকিউটিভ ভিপি ও যশোর জোনের প্রধান জনাব মাকসুদুর রহমান।

অনুষ্ঠান পরিচলনা ও শুভেচ্ছা বক্তব্য রাখেন ব্যাংকের জীবননগর এসএমই শাখার ব্যবস্থাপক ও এভিপি নজরুল ইসলাম। দর্শনা উপ-শাখার ব্যবস্থাপক আলমগীর কবির জানিয়েছেন- করোনার কারণে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী সীমিত পরিসরে উদ্বোধনী অনুষ্ঠান সম্পন্ন করা হয়।

অনুষ্ঠান পরিচালনা করেন, ইসলামী ব্যাংকের সিনিয়র অফিসার কামরুজ্জামান।

দর্শনায় অনিবার্ণ থিয়েটারের উদ্যোগে সকল নাট্যকর্মী ও

কলাকুশলীদের জন্মদিন পালন

দীর্ঘ এক বছর ধরে দর্শনা অনিবার্ণ থিয়েটারের উদ্যোগে সকল নাট্যকর্মী ও কলাকুশলীদের জন্ম দিন পালন করে আসছে। অক্টোবর-২০১৯ থেকে অক্টেবর ২০২০ সাল এ দীর্ঘ এক বছর ধরে অনিবার্ণ থিয়েটারের কার্যনিবার্হী পরিষদসহ সকল পযার্য়ের ৭১ জন নাট্যকর্মীদের জন্মদিন পালন করা হয়।

গতকাল রকিবুল ইসলাম ও উত্তম কুমার দেবনাথ এর জন্মদিনের মধ্যে দিয়ে এ অনুষ্ঠানের সমাপ্তি করেন অনিবার্ণ থিয়েটারের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন। এখন থেকে কেউ জন্মদিন পালন করতে চাইলে নিজ নিজ উদ্যোগে পালন করতে পারবেন।

এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অনিবার্ণ থিয়েটারের সিনিয়র সদস্য বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু, কার্যনিবার্হী পরিষদের কবিরুল হক লিপু, অনন্ত কুমার শান্তারা, প্রভাষক মিল্টন কুমার সাহ, আওয়াল হোসেন, ইসরাইল হোসেন খান টিটো, হাসমত কবির, মিরাজ উদ্দিন, মাহাবুবুর রহমান মুকুল, সাজ্জাদ হোসেন, আল মামুন, মিলন ও জেসমিন আক্তার পপি, লিটন, পূর্বা, পল্লী, পাপিয়া, হাবিবুর রহমান, আলিফসহ প্রায় ৭০জন সদস্য উপস্থিত ছিলেন।

দর্শনা পৌরসভা নিবার্চনে নব্বই দশকের ছাত্র নেতাদের দৌড়ঝাঁপ

দর্শনা পৌরসভা নিবার্চনকে সামনে রেখে নব্বই দশকের ছাত্র-নেতারা দলীয় মনোনয়ন পেতে দৌড় ঝাঁপ শুরু করেছে। কে কোন দলের প্রার্থী তা নিয়ে এখন নিজ নিজ দলের উচ্চ পর্যায়ের নেতাদের সাথে যোগাযোগ করছেন।

তবে দর্শনা পৌরসভার সম্ভাব্য মেয়র প্রার্থী হিসেবে ৩টি দলের

সম্ভব্য প্রার্থী হিসেবে আগ্রহ প্রকাশ করেছেন হাফ ডজন নেতা। এদের মধ্যে আওয়ামী লীগের বর্তমান মেয়র মতিয়ার রহমান ও দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক দুইবারের ভিপি ও জিএস আবু সাঈদ মোঃ হাসান।

বিএনপি প্রার্থী দর্শনা সরকারি কলেজের ছাত্র সংসদের সাবেক জিএস এনামুল হক শাহ মুকুল ও দর্শনা সরকারি কলেজের সাবেক ছাত্রদলের সাধারণ সম্পাদক ও বর্তমান দর্শনা পৌর বিএনপির সিনিয়র সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট এবং বাংলাদেশ জামায়ত ইসলামের প্রার্থী সাবেক দর্শনা সরকারি কলেজের ভিপি আশকার আলী দলীয় মনোনয়ন অপেক্ষয় রয়েছেন বলে প্রার্থীরা জানান।

তবে সাবেক মেয়র বিএনপি নেতা মহিদুল ইসলাম সরাসরি জানিয়ে দেন সে নিবার্চনে অংশ নেবেন না। এদিকে কেউ কেউ মেয়র প্রার্থী হিসেবে নিজেকে জাহির করতে দর্শনা শহরের বিভিন্ন স্থানে ছবি সম্বলিত ফেন্টুন লাগিয়েছেন।

এছাড়া মনে মনে অনেকেই মেয়র প্রার্থী হিসেবে দলের উচ্চ পযার্য়ের নেতাদের সাথে যোগাযোগ করে যাচ্ছে বলে জানা গেছে।

আগামী পৌর পরিষদের নিবার্চনকে সামনে রেখে এসব প্রার্থীরা দলীয় মনোনয়ন পেতে দৌড়ঝাঁপ শুরু করেছেন। বিগত ২০১৫ সালের ৩০ ডিসেম্বর দর্শনা পৌরসভা নিবার্চন অনুষ্ঠিত হয়েছিল। ২৪ জানুয়ারী, ২০১৬ তারিখ খুলনাতে নব-নিবার্চিত দর্শনা পৌর পরিষদের শপথ গ্রহণ হয় এবং ১০ ফেব্রুয়ারি-২০১৬ তারিখে পৌর পরিষদের সদস্যরা দায়িত্ব গ্রহণ করেন এবং ১৬/২/২০১৬ তারিখে নব-নিবার্চিত পরিষদের প্রথম সভা অনষ্ঠিত হয়।

ফলে আগামী ৩০ ডিসেম্বর-২০২০ তারিখে নিবার্চন অনুষ্ঠিত হওয়ার সম্ভাবনা রয়েছে। পৌরসভা নিবার্চন ঘিরে ইতোমধ্যে ৯০ দশকের বেশ কয়েকজন জনপ্রিয় ছাত্র নেতার আগামী পৌরসভা মেয়র নিবার্চনে মেয়র প্রার্থী হিসেবে অংশ নিতে সম্মতি জানিয়েছেন। তবে দলীয় মনোনয়ন কে পাবেন তার উপর নির্ভর করছে এসব ছাত্র নেতাদের মধ্যে কে কে প্রার্থী হবেন।

বিগত ২০১৫ সালের নিবার্চনের সময় দর্শনা পৌর এলাকায় ভোটার সংখ্যা ছিলো ২৪ হাজার ১৯৫ জন। ২০১৫ সালে পৌর মেয়র প্রার্থী হিসেবে অংশ নেয় ৩জন প্রার্থী এরা হলেন, আওয়ামী লীগের প্রার্থী মতিয়ার রহমান তিনি নৌকা প্রতিকে ১১ হাজার ৭৯৯ ভোট পেয়ে

নিবার্চিত হয়েছিলেন। তার নিকটতম প্রার্থী বাংলাদেশ জামায়াত ইসলামের প্রার্থী আশকার আলী ভোট পেয়েছিলেন ৩ হাজার ৪৫৯ এবং বিএনপি প্রার্থী সাবেক মেয়র মহিদুল ইসলাম ৩ হাজার ২৭ ভোট পান। এ তিন জন প্রার্থীকে পৌরবাসী ১৮ হাজার ২৮৫ ভোট প্রদান করেন।

তবে দামুড়হুদা নিবার্চন অফিসের তথ্য মতে ২০২০ সালে দর্শনা পৌরসভায় ২৮ হাজার ৬৮ জন ভোটার আগামী নিবার্চনে ভোট প্রদান করবেন বলে আশা করা হচ্ছে। এর মধ্যে পুরুষ ভোটার রয়েছেন ১৩ হাজার ৮৬০ জন এবং নারী ভোটার ১৪ হাজার ২০৮ জন। পুরুষের তুলনায় ৩৪৮ জন নারী ভোটার বেশি।

এছাড়া বিগত ৫ বছরে নতুন ভোটার সংখ্যা বেড়ে দাঁড়িছে ৩ হাজার ৮৭৩ জন। আগামী দর্শনা পৌরসভা নিবার্চনে নতুন প্রজন্মের ভোটারা পুরাতন প্রার্থীকে ভোট দেবেন নাকি নতুন প্রার্থীকে বেছে নেবে তা এখন অপেক্ষার পালা। তবে বিগত দিনে দর্শনা পৌরসভার উন্নয়ন কি হওয়ার কথা ছিল আর কি হয়েছে এ দিকটাও সাধারণ ভোটারা লক্ষ্য করছেন।

চুয়াডাঙ্গায় নাতনীকে ধর্ষণের অভিযোগে দাদা আটক

চুয়াডাঙ্গার দর্শনা থানার বেগমপুরের নওদা হরিশপুর গ্রাম থেকে সাত বছরের নাতনীকে (ছেলের মেয়ে) ধর্ষণের অভিযোগে দাদা মোনতাজ আলীকে
(৫৫) আটক করেছে পুলিশ। বুধবার রাতে তাকে আটক করা হয়। এর আগে সন্ধ্যায় শিশুটির মা দর্শনা থানায় তার শিশুকন্যাকে ধর্ষণের অভিযোগ করে।

দর্শনা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি-তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, মঙ্গলবার বিকালে শিশুটিকে একা পেয়ে দাদা মোনতাজ আলী তাকে ধর্ষণ করে এবং বিষয়টি কাউকে না জানানোর জন্য বলে দেয়। পরে শিশুটি রাতে মায়ের কাছে ধর্ষণে ঘটনা জানায়। বুধবার শিশুটির মা থানায় এসে শ্বশুরের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ দায়ের করেন। এরপরই অভিযান চালিয়ে মোনতাজ আলীকে আটক করা হয়।

ওসি (তদন্ত) আরো জানান, বৃহস্পতিবার আটক মোনতাজ আলীকে আদালতে সোপর্দ করা হবে। এছাড়া ভিকটিম শিশুটির ডাক্তারী পরীক্ষাসহ আইনানুগ সকল পদক্ষেপ নেয়া হবে।

দর্শনায় শান্তিপূর্ণ ও উৎসব মুখোর পরিবেশে শারদীয় দূর্গা উৎসব পালিত হচ্ছে

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় শান্তিপূর্ণ ও উৎসব মুখোর পরিবেশে শারদীয় দূর্গা উৎসব পালিত হচ্ছে। দামুড়হুদা উপজেলার বিভিন্ন স্থানে এ বছর ২২টি মণ্ডপে দূর্গাপূজা উৎযাপন করা হচ্ছে। ভক্তরা সুশৃঙ্খলভাবে পুস্পাঞ্জলি দিয়েছেন মা দেবী দূর্গার পদতলে।

গতকাল রবিবার বিকাল থেকে সনাতন ধর্মাবলম্বী হিন্দু সম্প্রদায়ের মানুষ তাদের প্রতিমাকে একনজর দেখতে প্রতিটি পূজা মণ্ডপে ভীড় করেন। এছাড়া দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান সন্ধ্যায় দর্শনা পৌর এলাকার প্রতিটি পূজা মণ্ডপ পরিদর্শন করেন।

এছাড়া পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, দর্শনা পৌর বিএনপির সিনিয়র সহ-সভাপতি হাবিবুর রাহমান বুলেট দর্শনা ও পারকৃষ্ণপুর পূজা মণ্ডপ পরিদর্শন করেন।

দামুড়হুদা উপজেলা দূর্গা উৎসব কমিটির সভাপতি উত্তম কুমার দেবনাথ ও সাধারণ সম্পাদক শ্রী অনন্ত কুমার শান্তারা জানান, এ বছর কোন পূজা মণ্ডপ ঝুকিপূর্ণ নেই, শান্তিপূর্ণ ভাবে দূর্গা উৎসব পালিত হচ্ছে।

উপজেলার ২২টি পূজা মণ্ডপের মধ্যে দর্শনা নবগঠিত থানার অধিনে ১৬টি মণ্ডপে দূর্গা উৎসব অনুষ্ঠিত হচ্ছে। করোনার কারণে পূজা মণ্ডপগুলোয় আইন শৃঙ্খলা বাহিনীর উপস্থিতি না থাকলেও দর্শনা নবগঠিত থানার অফিসার ইনচার্জ মাহব্বুর রহমান এর নেতৃত্বে পুলিশি

টহল ছিলো চোখে পড়ার মত।

এছাড়া উপজেলায় আনসার বাহিনীর আব্দুল্লাহ আল মামুনের নেতৃত্বে¡ ১০জন করে ৩টি টহল দল পূজা মণ্ডপগুলো টহল দিচ্ছেন বলে জানা গেছে।

দর্শনায় বাদীকে ফাঁসাতে বিবাদীর পাল্টা মামলা

দর্শনা রিফুজি কলনীর ভ্যান চালক আজগার আলী বাবু ছেলে মেয়ে সংসার চালাতে চরম বিপাকে পড়েছে। পরিবার নিয়ে মানবেতর জীবন যাপন করছেন।

গত ১১ অক্টোবর, রবিবার সকাল ৭টার সময় পরাণপুর মাঝ পাড়ার সিদ্দিকের দোকানের সামনে ভ্যান নিয়ে বসে ছিল। এসময় মৃত নিয়ামত আলীর দোকানদার সিদ্দিক ভ্যান চালক আজগার আলী বাবুকে বলেনে আমার ছেলেকে প্রায়ভেট পড়তে যাবে ভ্যানে করে দিয়ে এসো।

তখন ভ্যান চালক বাবু বলেন, আর একটা বাচ্চা সে আমার রিজার্ভ আছে। ওই বাচ্চাটা এলে দুইজনকে নিয়ে যাচ্ছি। এসময় সিদ্দিক বলেন, আমার ছেলেকে আগে দিয়ে আসেন। ভ্যান চালক বাবু বলেন ৫মিনিট অপেক্ষা করো। এ কথা শুনে সিদ্দিক ক্ষিপ্ত হয়ে দোকানের পাশে লেবারদের কোদাল তুলে ভ্যান চালক বাবুর মাথায় কোপ বসিয়ে দেয়।

এসময় কোদালের আঘাতটি প্রথমে দোকানের টিনের চালে লেগে ভ্যান চালক বাবুর মুখের উপর লেগে ঠোট কেটে সামনের দুইটি দাঁত ভেঙ্গে রক্তাক্ত জখম হয়। এসময় স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে দামুড়হুদা চিৎলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

চিৎলা হাসপাতালে ৩দিন ভর্তি থেকে চিকিৎসা নেওয়ার পর গত ১৪ অক্টোবর, ২০২০ তারিখে চুয়াডাঙ্গা আমলী অদালতে একটি মামলা দায়ের করেন। এ ঘটনার পর চায়ের দোকান সিদ্দিক মামলা তুলে নিতে বিভিন্ন হুমকি ধামকি দিচ্ছে মামলা তুলে নিয়ে।

এছাড়া ২০ হাজার টাকা নিয়ে বাদীকে মামলা তুলে নেওয়ার জন্য বিভিন্ন লোক মারফত জানান বলে বাবুর পরিবার প্রতিনিধিকে জানান।

এতে রাজি না হওয়ায় সিদ্দিক উল্টো আজগার আলী বাবুর বিরুদ্ধে ১৮/১০/২০২০ তারিখে একটি মিথ্যা মামলা করে হয়রানী করছে বলে জানা গেছে। ফলে বাবুর পরিবার আতংকে দিন কাটাচ্ছে। এ বিষয় সিদ্দিকের সাথে মোবাইল ফোনে এবং সরাসরি যোগাযোগ করার চেষ্টা করে তার বক্তব্য পাওয়া যায়নি।

দর্শনায় দিন ব্যাপী যুব সম্প্রীতি ক্যাম্প অনুষ্ঠিত

দর্শনায় দিন ব্যাপী যুব সম্প্রীতি ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। গতকাল সকাল ১০টার দিকে দর্শনা ওয়েভ ট্রেড টেনিং সেন্টারে কিশোর কিশোরীদের উদ্যোগে এই যুব সম্প্রীতি ক্যাম্পের আয়োজন করে দামুড়হুদা উপজেলার দর্শনা ইয়ুথ এসেম্বিলী।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা থানার অফিসার্স ইনচার্জ (ওসি) মাহবুবুর রহমান কাজল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ওয়েভ সমন্বয়নকারী কিতাব আলী,কামরুজ্জমান যুদ্ধ, ট্রেনিং সম্বয়কারী আব্দুস সালাম, মাইটিভি ও যুগান্তর প্রতিনিধি ইকরামুল হক পিপুল, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাধারন সম্পাদক আওয়াল হোসেন, উপ-সমন্বয়নকারী মাহাবুবুর রহমান মুকুল, সহ-সমন্বয়নকারী মোস্তাফিজুর রহমান আলো।

উপস্থিত ছিলেন সিনিয়ার প্রেগাম অফিসার ইসরাইল হোসেন খান টিটো ও প্রোগ্রাম অফিসার মিরাজ উদ্দিন।

এছাড়া ইয়ুথ এসেম্বেলি গ্রুরুপের আহবায়ক সংগ্রাম,শাহানারা তুলি,জামিল,কাউসার, ফরহাদ, রাসেল হায়দার, নাহিদ, পিয়াসা, বুলবুল, রিফাত, লতা, মাম্পি,বাবু, রাবেয়া, ছালমা ও ইমা প্রমুখ।

দর্শনার জয়নগর স্থল বন্দরের কার্যক্রম পরিদর্শন করলেন ভারতে নিযুক্ত বাংলাদেশী হাই কশিমনার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা জয়নগর চেকপোস্টের স্থল বন্দরের কার্যক্রম পরিদর্শন করলেন ভারতে নিযুক্ত বাংলাদেশী হাই কমিশনার এইচ ই মুহাম্মদ ইমরান।

ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলা গেঁদে ল্যান্ড পোর্ট এলাকা পরিদর্শন শেষে বুধবার দুপুরে সীমান্তের শূণ্য রেখায় পৌঁছালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

এরপর দর্শনা কাস্টমস কর্তৃপক্ষ, বন্দর বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স এবং দর্শনা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। ভারতে নিযুক্ত বাংলাদেশী হাইকমিশনার মুহাম্মদ ইমরান বলেন, স্থলবন্দর গুলো কি অবস্থায় আছে সে গুলো পর্যবেক্ষণ করে দেখছি। দুই দেশের সর্বোচ্চ নেতৃত্ব পর্যায়ে ভাল সম্পর্ক রয়েছে।

এখানকার ব্যবসায়ী যারা স্থল বন্দর বাস্তবায়ন করতে চায় তাদের কথা আমি শুনেছি। সমন্বিত ভাবে প্রতিবেদন তৈরি করে উভয় দেশের সরকারের সাথে বসবো।বৃহস্পতিবার ভোমরা ও শুক্রবার বেনাপোল বন্দর পরিদর্শন করবেন হাই কমিশনার। চুয়াডাঙ্গার দর্শনা ও ভারতের গেঁদে দিয়ে স্থলবন্দরের কর্যক্রম চলমান রয়েছে। এ বন্দর দিয়ে রেলপথে মালামাল আমদানি-রপ্তানি হয়। সড়ক পথে পাসপোর্টধারী যাত্রীরা ভ্রমন করেন।

এখন এ স্থলবন্দর দিয়ে সড়ক পথে আমদানি-রপ্তানি চালুর ব্যাপারে দুই দেশের উচ্চ পর্যায়ের নেতৃত্ববৃন্দ কাজ করছেন। দর্শনা অংশে বন্দরের কাজ অনেকখানি অগ্রসর হয়েছে।

এ ব্যাপারে ভারতও কার্যক্রম এগিয়ে নিচ্ছে। খুব শিগগিরই এ বন্দরে পুর্ণাঙ্গ কার্যক্রম চালু হবে । দর্শনা স্থল বন্দর কার্যক্রমের মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, ভারতের কলকাতায় নিযুক্ত হাইকমিশনার তৌফিক হাসান, কলকাতার মিনিস্টার বি এম জামাল হোসেন, কলকাতার প্রথম সচিব শামছুল আরিফ, নয়াদিল্লির কাউন্সিলর শাহেদ আজিম, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, বিজিবি ৬ ব্যাটালিয়রে পরিচালক লেফট্যান্যন্ট কর্ণেল মোহাম্মদ খালেকুজ্জামান ,পুলিশ সুপার জাহিদুল ইসলাম, ৬ বিজিবির উপ-পরিচালক মেজর নিস্তার আহম্মেদ, দামুড়হুদা ইউএনও দিলারা রহমান, দর্শনা শুল্ক স্টেশনের ডেপুটি কমিশনার মোঃ শাফায়াত হোসেন, চুয়াডাঙ্গা চেম্বার অফ কমার্সের সভাপতি ইয়াকুব হোসেন মালিক প্রমুখ।